

## পর্যটকদের ভিড় কুয়াকাটায়

- A Monitor Desk Report

Date: 16 December, 2024



**পটুয়াখালী : সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার এবং বিজয় দিবসের ছুটিতে পর্যটকদের উপচেপড়া ভিড় পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকতে। পর্যটকদের উপস্থিতি বাড়ায় ব্যস্ত সময় পার করছেন পর্যটননির্ভর ব্যবসায়ীরা।**

জিরো পয়েন্ট থেকে আশপাশের প্রায় ১ কিলোমিটার জায়গাজুড়ে হৈ-হল্লোড়ে মেতে আছেন পর্যটকরা। কেউ করছেন গোসল, কেউ আবার আনন্দ উপভোগের দৃশ্য স্মৃতি হিসেবে ধরে রাখার জন্য তুলছেন ছবি, কেউ আবার পরিবার-পরিজন এবং বন্ধু-বান্ধবের সঙ্গে একান্তে বসে সময় কাটাচ্ছেন।

সীমান্ত জেলা মেহেরপুর থেকে ঘুরতে আসা এক দম্পতি জানান, কুয়াকাটা তাদের একটি খুব পছন্দের জায়গা। এর আগেও কয়েকবার কুয়াকাটায় এসেছিলেন তারা। তবে এবার পরিবারের সকল সদস্য নিয়ে ঘুরতে এসেছেন। হালকা শীত পড়তে শুরু করেছে তাদের কাছে বেশ অসাধারণ লাগছে এবারের কুয়াকাটা ভ্রমণ।

পর্যটকদের আনাগোনা বাড়লে বেশ ফুরফুরে মেজাজে এবং হাসি খুশি সৈকতের ভাসমান ক্ষুদ্র ব্যবসায়ীদের। সৈকতের ভাসমান ডাব বিক্রেতা আবুল কালাম বলেন, অনেক দিন পরে পর্যটকদের উপস্থিতি বেড়েছে, পর্যটক থাকলে আমাদের বেচাকেনা ভালো হয়। যে কারণে মনে আনন্দ থাকে। আশা করছি সামনের দিনগুলোয় পর্যটকদের সংখ্যা আরও বাড়বে।

কুয়াকাটার অভিজাত আবাসিক হোটেল খান প্যালেসের ব্যবস্থাপনা পরিচালক রাসেল খান জানান, এ বছর আশা করছি বিপুল সংখ্যক পর্যটক কুয়াকাটা আসবেন। ব্যবসাও ভালো হবে।

কুয়াকাটা হোটেল মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মোতালেব শরীফ বলেন, দেশের রাজনৈতিক পরিস্থিতি যেহেতু স্বাভাবিকের দিকে যাচ্ছে আমরা আশা করছি এবার আশানুরূপ পর্যটক কুয়াকাটা ভ্রমণে আসবেন। হোটেল মালিকরা তাদের অর্থনৈতিক মন্দা কাটিয়ে লাভের মুখ দেখবেন।

পর্যটকদের নিরাপদে নির্বিঘ্নে R ভ্রমণ নিশ্চিতের জন্য কুয়াকাটায় কাজ করছে টুরিস্ট পুলিশ। পর্যটকদের সকল ধরনের সমস্যায় সর্বক্ষণিক পাশে রয়েছেন তারা এমনটি জানিয়েছেন টুরিস্ট পুলিশ কুয়াকাটা রিজিয়নের কর্মকর্তারা।

-B